



HIGH COMMISSION FOR THE PEOPLE'S REPUBLIC OF BANGLADESH
CANBERRA



প্রেস রিলিজ

৮ সেপ্টেম্বর, ২০২০

ক্যানবেরাতে সপ্তাহব্যাপী ফটো প্রদর্শনীর মাধ্যমে বঙ্গবন্ধুর জীবন ও কর্মকে স্মরণ

জাতির পিতা বঙ্গবন্ধুর জন্মশত বার্ষিকী উদ্যাপনের অংশ হিসেবে তাঁর জীবন ও কর্মের উপর ভিত্তি করে আজ অস্ট্রেলিয়ার রাজধানী ক্যানবেরার মানুকা আর্ট সেন্টারে 'হও ডেভিস' গ্যালারীতে ফটো প্রদর্শনীর উদ্বোধন করা হয়। বাংলাদেশ হাইকমিশন কর্তৃক আয়োজিত সপ্তাহব্যাপী এই ফটো প্রদর্শনীটি ১৩ সেপ্টেম্বর পর্যন্ত প্রতিদিন সকাল ১০ টা হতে বিকেল ৪ টা পর্যন্ত সকলের জন্য উন্মুক্ত থাকবে।

ফটো প্রদর্শনীতে বঙ্গবন্ধুর রাজনৈতিক নেতা হিসেবে গড়ে উঠা, বাঙালির অধিকার ও মুক্তির সকল আন্দোলনে নেতৃত্ব দান, তৎকালীন বিশ্ব নেতৃত্বন্দের সাথে বঙ্গবন্ধুর যোগাযোগ ও সখ্যতা ছাড়াও ব্যক্তি মুজিব ও পারিবারিক জীবনের মুজিবকেও বিভিন্ন দূর্লভ ছবির মাধ্যমে তুলে ধরা হয়েছে।

প্রায় একশত অতিথির উপস্থিতিতে আজ বিকেলে বঙ্গবন্ধু ফটো প্রদর্শনীর উদ্বোধন করেন বাংলাদেশের হাইকমিশনার সুফিউর রহমান এবং ভারত, রাশিয়ার রাষ্ট্রদূতসহ ২৫টি দেশের মিশনপ্রধান। এতে অস্ট্রেলিয়ার বিভিন্ন রাজনৈতিক ব্যক্তিবর্গ ও ফেডারেল কর্মকর্তাসহ অস্ট্রেলিয়া প্রাচী বাংলাদেশিরা অংশগ্রহণ করেন।

উদ্বোধনী অনুষ্ঠানের আলোচনা পর্বে অংশগ্রহণ করেন বাংলাদেশ হাইকমিশনার, ক্যানবেরা রাজধানী সরকারের বিরোধী দলীয় নেতা মি. এলিষ্টার কো, অস্ট্রেলিয়ায় নিযুক্ত ভারতের রাষ্ট্রদূত গীতেশ শর্মা, বাংলাদেশে নিযুক্ত অস্ট্রেলিয়ার সাবেক রাষ্ট্রদূত জুঁচিয়া নিবলেট, ফটো এক্সেস এর ডিরেক্টর ড. ক্রিসটেন ওয়েনার সহ অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গ। আলোচকগণ বঙ্গবন্ধুর জীবন ও ইতিহাস প্রচারে এধরনের প্রদর্শনী আয়োজনের ভূয়ী প্রশংসা করেন। আলোচনা অনুষ্ঠানে বাংলাদেশ হাইকমিশনারের বক্তব্যের প্রতিপাদ্য বিষয় ছিল জাতি-ধর্ম, বর্ণ নির্বিশেষে সকল বাঙালিকে একত্রিত করে অবিসংবাদিত নেতা হিসেবে কিভাবে বঙ্গবন্ধু বাংলাদেশের স্বাধীনতা অর্জনে নেতৃত্ব দেন। তিনি বঙ্গবন্ধুকে যুগোপত্তাবে ইতিহাসের সৃষ্টি ও স্রষ্টা হিসেবেও উল্লেখ করেন। উপস্থিতি বিশিষ্ট অতিথিদের নিয়ে আলোচনা পর্ব শেষে ফিতা কাটার মধ্য দিয়ে ফটো প্রদর্শনীর উদ্বোধন করা হয়।

অনুষ্ঠানের শুরুতে "MUJIB YEAR 100" এর প্রতিটি বর্ষসহ বর্ণিল বেলুন উড়ানো এবং জাতির পিতার প্রতিকৃতিতে শ্রদ্ধার্ঘ নিবেদনের জন্য পুস্পস্তবক অর্পন করেন বাংলাদেশ হাইকমিশনার এবং উপস্থিত অন্যান্য দেশের রাষ্ট্রদূত ও বিশিষ্ট অতিথিবৃন্দ।

ফটো প্রদর্শনীতে শুধু বঙ্গবন্ধুর দূর্লভ ছবিই নয়, তাঁর ৭ মার্চ ভাষণের লেখচিত্র, বঙ্গবন্ধু কর্তৃক স্বাধীনতাবোষণাপত্র, বাংলাদেশের সংবিধানের বিভিন্ন মৌলিক অংশও এতে প্রদর্শিত হচ্ছে। এ ছাড়াও প্রদর্শনীতে বঙ্গবন্ধুর ৭ মার্চের ভাষণ, স্বদেশ প্রত্যাবর্তন, বিভিন্ন সাক্ষাতকার সহ ১০ টি ভিডিও চিত্রও প্রদর্শিত হচ্ছে।

উদ্বোধনী দিনে করোনা ভারুরাস জনিত মহামারির জন্য যথাযথ স্বাস্থ্য বিধি মেনে একশত অভ্যাগতের সীমার মধ্যে বিশজনের দলের অতিথিরা ফটো প্রদর্শনী পরিদর্শন করেন। বাংলাদেশ হাইকমিশনের পক্ষ থেকে সকলকে ১৩ সেপ্টেম্বর পর্যন্ত যথাযথভাবে স্বাস্থ্য বিধি মেনে ফটো প্রদর্শনীটি পরিদর্শনের জন্য বিশেষভাবে অনুরোধ করা হয়েছে।

সংযুক্তি অনুষ্ঠানের ছবি।